# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**15-05-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন কোচবিহার দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বসু।

২) সংসদীয় নিয়ম মেনে সরকার ও বিরোধী পক্ষ আলোচনায় সমান সুযোগ পাবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

রাজ্য বিধানসভার কার্যক্রম সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করার বিষয়ে মুখ্যমন্ত্রী নতুন অধ্যক্ষের কাছে আবেদন জানিয়েছেন।

৩) আগামী ১৮ই জুন রাজ্যপালের অভিভাষণ এর মধ্যে দিয়ে বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে।

৪) রেল মন্ত্রক রাজ্যের জন্য তিনটি নতুন রেল প্রকল্প অনুমোদন করেছে।

৫) অবৈধ ভাবে জমি দখল ও আর্থিক দুর্নীতির মামলায় ধৃত কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার, কালীঘাট থানার প্রাক্তন ওসি শান্তনু সিনহা বিশ্বাসকে ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হয়েছে।

প্রাক্তন খাদ্যমন্ত্রী রথীন ঘোষ ইডি দফতরে হাজিরা দিয়েছেন।

OOOOOOOOOOOOOOOOOO

অষ্টাদশ পশ্চিমবঙ্গ বিধানসভার নতুন অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হয়েছেন কোচবিহার দক্ষিণের বিজেপি বিধায়ক রথীন্দ্র বসু। আজ বিধানসভার বিশেষ অধিবেশনে সর্বসম্মতিক্রমে তিনি অধ্যক্ষ নির্বাচিত হন। তাঁকে অভিনন্দন জানিয়ে বিধানসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, বহু দলীয় গণতান্ত্রিক পরম্পরা মেনেই বিধানসভা এগিয়ে যাবে। বিরোধীরা অধিবেশন বানচালের চেষ্টা করবে না এবং গঠনমূলক বিরোধিতার পরিবেশ বজায় থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অন্যান্য রাজ্যের মতো পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যক্রমও সাধারণ মানুষের সামনে আরও স্বচ্ছভাবে তুলে ধরতে প্রশ্নোত্তর পর্ব, বিল, বাজেট, কলিং অ্যাটেনশন, জিরো আওয়ার এবং বিভিন্ন বিতর্ক সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করার জন্য নতুন অধ্যক্ষের কাছে আবেদন জানান তিনি। বক্তৃতায় সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের গুরুত্বের কথাও তুলে ধরেন মুখ্যমন্ত্রী।

“হাউস বিলংস টু অপজিশন।” সংখ্যাগরিষ্ঠতা থাকা সত্ত্বেও বিরোধীদের বেশি করে বলার সুযোগ দেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি। সময় বরাদ্দের ক্ষেত্রেও সরকার নমনীয় থাকবে বলে জানান।

(বাইট – শুভেন্দু/বিরোধী দল)

মুখ্যমন্ত্রী আরও বলেন, বিধানসভায় ভাষার শালীনতা, দায়বদ্ধতা এবং সাংবিধানিক মূল্যবোধ বজায় রাখা জরুরি। অতীতের মতো অশান্তি বা হিংসার পরিবেশ তৈরি হোক, তা সরকার চায় না।

বিধানসভার আধুনিকীকরণের প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন মুখ্যমন্ত্রী। সীমানা পুনর্বিন্যাসের পর ভবিষ্যতে বিধানসভার আসন সংখ্যা বৃদ্ধি পেতে পারে বলেও উল্লেখ করেন তিনি। সেই কারণে আগামী দিনে নতুন বিধানসভা ভবন তৈরির প্রয়োজনের দিকে ইঙ্গিত দেন মুখ্যমন্ত্রী।

একই সঙ্গে তিনি জানান, সব দলের বিধায়কদের জন্য সরকারের দরজা খোলা থাকবে। কোনও বিধায়ক চিঠি দিলে তার উত্তর এবং প্রাপ্তিস্বীকার দেওয়া হবে বলেও আশ্বাস দেন তিনি। মন্ত্রীদেরও নির্দেশ দেওয়া হবে যাতে এলাকার বিধায়ক যে দলেরই হোন না কেন, প্রশাসনিক কাজে তাঁকে গুরুত্ব দেওয়া হয়।

নবনির্বাচিত বিরোধী দলনেতা শোভন দেব চট্টোপাধ্যায়, বিরোধী আইএসএফ কংগ্রেস সিপিআইএম এবং আম জনতা উন্নয়ন পার্টি সদস্যরা অধ্যক্ষকে ধন্যবাদ জানান।।

OOOOOOOOOOOOOOOOOOO

অধিবেশন শেষে আজ অধ্যক্ষের কাছে গিয়ে নন্দীগ্রামের বিধায়ক পদ থেকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ইস্তফা দেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সারা রাজ্যের মতো নন্দীগ্রামের প্রতিও তিনি একইভাবে দায়িত্ব পালন করবেন।

(বাইট – শুভেন্দু/নন্দীগ্রাম)

ooooooooooooooooo

রাজ্যে সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের পরে ভোট পরবর্তী কোন হিংসার ঘটনা ঘটেনি এবং কেউ ঘর ছাড়া নেই বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আজ বিধানসভায় নতুন অধ্যক্ষ নির্বাচন অনুষ্ঠানে বিরোধী দলনেতা তৃণমূল কংগ্রেসের প্রবীণ বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় রাজ্যে ভোট পরবর্তী হিংসার ঘটনায় বহু মানুষ ঘর ছাড়া বলে অভিযোগ করেন। মানুষের মধ্যে ভয়ও বেড়ে গিয়েছে বলে তাঁর দাবি।  এরপরেই মুখ্যমন্ত্রী বলেন, যদি কেউ ঘর ছাড়া থাকেন তবে রাজ্য পুলিশের মহা নির্দেশকের কাছে সেই তালিকা জমা দেওয়া হোক।

তবে ২০২১ সালে নির্বাচনের পরে সারা রাজ্যে ভোট পরবর্তী হিংসার ঘটনায় যে সাড়ে বারো হাজার এফআইআর দায়ের হয়েছিল সেই হিংসার ঘটনায় যুক্ত কোন ব্যক্তি যদি বর্তমানে ঘর ছাড়া থাকেন তাকে জেলে ঢোকানো হবে বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান। তার বিরুদ্ধে কোন অভিযোগ না থাকলে সেই ব্যক্তিকে সসম্মানে ফিরিয়ে আনা হবে বলেও মুখ্যমন্ত্রী আশ্বাস দেন। গত কয়েকটি নির্বাচনের সঙ্গে তুলনা করলে এইবারের  নির্বাচন সবচেয়ে শান্তিপূর্ণ ছিল বলে তিনি উল্লেখ করেছেন।

oooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস দুষ্কৃতীদের পুলিশ আড়াল করছে- এই অভিযোগ তুলে বিজেপি নেতা কর্মীরা গতকাল দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং-এ পথ অবরোধ করে বিক্ষোভ দেখিয়েছেন।

রাতের অন্ধকারে দুষ্কৃতীরা মিঠাখালি এলাকার বিজেপি কর্মীদের  লাগাতার হুমকি দিচ্ছে, এই অভিযোগ’ও তোলেন তাঁরা। পুলিশকে জানিয়েও কোনো লাভ হয়নি বলে উল্লেখ করেছেন ওই বিজেপি কর্মীরা।

এরই প্রতিবাদে গতরাতে দীর্ঘক্ষণ পথ অবরোধ করেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ চব্বিশ পরগণার ক্যানিংয়ের মিঠাখালি এলাকায় বিজেপি কর্মীদের বন্দুক দেখিয়ে প্রাণে মারার হুমকির অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন বিজেপি কর্মীরা । অভিযুক্তদের গ্রেপ্তারের ও থানার আইসিকে অপসারণের দাবিতে গত রাতে ক্যানিং থানার সামনে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান তাঁরা। পরে পুলিশ গ্রেপ্তারের আশ্বাস দিলে অবরোধ ওঠে।

০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার হাড়োয়ার শালিপুরে স্থানীয় একটি ক্লাবে বালতি ভর্তি তাজা বোমা উদ্ধারের ঘটনায় এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। হাড়োয়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। খবর পাঠানো হয় বোম্ব স্কোয়াডকে। শুরু হয়েছে তদন্ত। ভোট পরবর্তী হিংসা দমনে ইতিমধ্যেই রাজ্যে তৎপরতা বাড়ানো হয়েছে। শালিপুরের ঘটনায় এখনো পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

০০০০০০০০০০০০০০০০০

আগামী ১৮ই জুন রাজ্যপালের অভিভাষণ এর মধ্যে দিয়ে বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে। ঐদিন সকাল এগারোটায় রাজ্যপাল আর এন রবির অভিভাষন মধ্য দিয়ে অধিবেশন শুরু হবে বলে অধ্যক্ষ রথীন্দ্র বসু আজ জানিয়েছেন।

এরপরে দুপুর সাড়ে বারোটায় অধিবেশনের দ্বিতীয় অর্ধ শুরু হবে। এর আগে পরিষদীয় নিয়ম মেনে সর্বদলীয় বৈঠক এবং কার্য উপদেষ্টা কমিটির বৈঠক বসবে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের জন্য নতুন তিনটে রেল প্রকল্পের অনুমোদন করেছে রেল মন্ত্রক। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে প্রকল্প সংক্রান্ত বিস্তারিত জানিয়ে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের পক্ষ থেকে একটি চিঠি পাঠানো হয়েছে। অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে রয়েছে, নিউ জলপাইগুড়ি-শিলিগুড়ি প্রায় সাড়ে সাত কিলোমিটার রেলপথ ডবল লাইন, কলকাতা থেকে খড়গপুর হয়ে জয়পুর পর্যন্ত সাঁতরাগাছি-খাতিপুরা এক্সপ্রেসের উদ্বোধন এবং শালবনি- আদ্রা 107 কিলোমিটার তৃতীয় লাইন তৈরী। রেলের পক্ষ থেকে বিস্তারিত প্রকল্প রিপোর্ট DPR এবং চূড়ান্ত এলাকা সমীক্ষা দ্রুত করার অনুমতি দেওয়া হয়েছে।

OOOOOOOOOOOOOOOOO

হুগলীর রিষড়া স্টেশন সংলগ্ন লেভেল ক্রসিংয়ের নির্মাণগত কাজের জন্য আগামীকাল ও রবিরার হাওড়া – ব্যান্ডেল সেকশনে ট্র্যাফিক ব্লকের পরিকল্পনা করেছে রেল। ফলে, আগামীকাল হাওড়া-বর্ধমান ট্রেনের পথ ডানকুনি হয়ে ঘুরিয়ে দেওয়া হবে বলে খবর।

OOOOOOOOOOOOOOOOOO

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের জন্য কলকাতা- হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু ফের সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত কলকাতা পুলিশের। আগামী রবিবার ভোর পাঁচটা থেকে রাত নটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যানবাহন চলাচল করবে না বলে ট্র্যাফিক পুলিশের এক বিবৃতিতে জানানো হয়েছে।

OOOOOOOOOOOOOOOOOOO

অবৈধ ভাবে জমি দখল ও আর্থিক দুর্নীতির মামলা ধৃত কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার, কালীঘাট থানার প্রাক্তন ওসি শান্তনু সিনহা বিশ্বাসকে ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হয়েছে।

আগেই জানানো হয়েছে, গতকাল রাতে সিজিও কমপ্লেক্সে দশ ঘন্টার বেশি সময় ধরে জিজ্ঞাসাবাদের পর ইডি তাঁকে গ্রেপ্তার করে। দক্ষিণ কলকাতার শহরতলি অঞ্চলে সোনা পাপ্পু তোলাবাজি, প্রতারণা, এনআরআই কোটায় মেডিকেলে ভর্তি ও বালি পাচার মামলায় জিজ্ঞাসাবাদের জন্য গতকাল তাঁকে ডেকে পাঠানো হয়। এর আগে এই পুলিশ আধিকারতিক একাধিক বার ইডির দপ্তরে হাজিরা এড়িয়ে যান। তাঁর বিরুদ্ধে লুক আউট নোটিশও জারি করা হয়।

OOOOOOOOOOOOOOOOO

প্রাক্তন খাদ্যমন্ত্রী রথীন ঘোষ, আজ সকাল ১০ টা নাগাদ সিজিও কমপ্লেক্সে ইডি-র দপ্তরে হাজিরা দিয়েছেন। পুর নিয়োগ দুর্নীতি মামলায় পাঁচবার তাঁকে ডাকা হলেও, প্রতিবারই তিনি এড়িয়ে যান। আজ ইডি নোটিশ না দিলেও, নিজে থেকেই তিনি এনফোর্সমেন্ট নির্দেশালয়ের দপ্তরে উপস্থিত হয়েছেন বলে খবর।

OOOOOOOOOOOOOOOOOOO

দক্ষিণ ২৪ পরগনার মন্দিরবাজারে অভিযান চালিয়ে পোলের হাট এলাকা থেকে ১৮ টি উট উদ্ধার করেছে পুলিশ। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, উটগুলি পাচারের উদ্দেশ্যে মধ্যপ্রদেশ থেকে ট্রাকে করে আনা হয়েছিল। ঘটনায় পুলিশ গ্রেপ্তার করেছে দু জনকে। এই চক্রের সঙ্গে আরও কেউ জড়িত কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে। ধৃতদের আজ ডায়মন্ড হারবার মহকুমা আদালতে তোলা হবে।

oooooooooooooooo

কোচবিহারের দিনহাটায় আজ সকালে জমি নিয়ে বিবাদ ও সংঘর্ষের জেরে মৃত্যু হল এক ব্যক্তির। মৃত ওই ব্যক্তির নাম সামাদ আলী। ওই ঘটনায় আরো বেশ কয়েকজন আহত অবস্থায় দিনহাটা মহকুমা হাসপাতালে ভর্তি রয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দিনহাটার কোনামুক্তা এলাকার একটি জমির রাস্তা নিয়ে দু পক্ষের মধ্যে বচসা বাঁধে। পরে তা সংঘর্ষের রূপ নেয়।

oooooooooooooooooo

মালদহের কালিয়াচকে পুলিশি অভিযানে উদ্ধার হয়েছে আগ্নেয়াস্ত্র এবং ব্রাউন সুগার। ঘটনায় মোট তিনজনকে গ্রেফতার করা হয়েছে। ধৃতদের হেফাজতে নেওয়ার আবেদন জানিয়ে আদালতে তুলেছে পুলিশ। মালদহের পুলিশ সুপার অনুপম সিং জানিয়েছেন, আটক মাদকের মূল্য ২০ লক্ষ টাকারও বেশি। দক্ষিণ দিনাজপুর থেকে ওই মাদকের কাঁচামাল মালদহে আনা হচ্ছিল। তিনি বলেন, জেলা জুড়ে মাদক এবং অস্ত্রের চোরাকারবারিদের বিরুদ্ধে লাগাতার অভিযান চালাবে পুলিশ।

oooooooooooooooo

রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর উত্তরবঙ্গের ডুয়ার্স অঞ্চলে বিমল গুরুঙ্গের নেতৃত্বে ফের সক্রিয় হয়ে উঠেছে গোর্খা জনমুক্তি মোর্চা। নাগরাকাটার পানিঝোড়া বনবস্তি কমিউনিটি দলের সাংগঠনিক কমিটি গঠন করা হয়। মালবাজার ব্লকের কমিটি গঠনের লক্ষ্যে ওদলাবাড়িতে একটি বৈঠকের ডাক দেওয়া হয়েছে। মোর্চা নেতৃত্বের আশা, গোর্খা সম্প্রদায়ের পরিচয় সংকট ও দীর্ঘদিনের বিভিন্ন দাবি এবার সমাধান হবে।

oooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূর কাছ থেকে গত **১২ই** মে আন্তর্জাতিক নার্স দিবসে ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কার পেয়েছেন জলপাইগুড়ির বাসিন্দা নার্স গীতা কর্মকার। গত সন্ধ্যায় তিনি বাড়ি ফিরলে তাঁকে সম্বর্ধনা জানান জেলার মানুষ। বেলাকোবা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সদ্য অবসরপ্রাপ্ত সুপারভাইজার গীতা কর্মকার দীর্ঘদিন ধরে চা বাগানের শ্রমিক পরিবারের মানুষদের সেবায় নিয়োজিত ছিলেন।

*OOOOOOOOOOOOOOOOOOO*

ন্যাশনাল ক্যাডেট কোর এন সি সি-র পশ্চিমবঙ্গ ও সিকিম ডিরেক্টরেটের উদ্যোগে কলকাতার এন সি সি ট্রেনিং ইনস্টিটিউটে আয়োজিত হল গুরুত্বপূর্ণ এএনও কনক্লেভ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পশ্চিমবঙ্গ ও সিকিম ডিরেক্টরেটের অতিরিক্ত মহা নির্দেশক।

*OOOOOOOOOOOOOOOOO*

*OOOOOOOOOOOOOOOOOOO*